

🔳 আল-হিজর | Al-Hijr | ٱلْحِجْر

আয়াতঃ ১৫: ২১

💵 আরবি মূল আয়াত:

وَ إِن مِّن شَيءٍ إِلَّا عِندَنَا خَزَآئِنُهُ وَ مَا نُنَزِّلُهُ إِلَّا بِقَدَرٍ مَّعلُومٍ ﴿٢١﴾

🗚 অনুবাদসমূহ:

আর প্রতিটি বস্তুরই ভান্ডারসমূহ রয়েছে আমার কাছে এবং আমি তা অবতীর্ণ করি কেবল নির্দিষ্ট পরিমাণে। — আল-বায়ান

এমন কোন জিনিসই নেই যার ভান্ডার আমার কাছে নেই, কিন্তু আমি সেগুলো আমার জ্ঞান মোতাবেক নির্দিষ্ট পরিমাণে সরবরাহ করে থাকি। — তাইসিরুল

আমারই কাছে আছে প্রত্যেক বস্তুর ভান্ডার এবং আমি তা সুসম পরিমাণেই সরবরাহ করে থাকি। — মুজিবুর রহমান

And there is not a thing but that with Us are its depositories, and We do not send it down except according to a known measure. — Sahih International

- ২১. আর আমাদের কাছেই আছে প্রত্যেক বস্তুর ভাণ্ডার এবং আমরা তা পরিজ্ঞাত পরিমানেই নাযিল করে থাকি।(১)
 - (১) এখানে এ সত্যটি সম্পর্কে সজাগ করে দেয়া হয়েছে যে, সবকিছুর খয়ীনা তো তাঁর কাছেই। এমন স্থানকে যেখানে মূল্যবান সামগ্রী হেফাযত করা হয়। খয়ীনা বলে এটাই বুঝানো হয়েছে যে, যত কিছু হওয়া সম্ভব সবই তার কাছে। তিনিই সেগুলোকে পরিমানমত অস্তিত্বহীন অবস্থা থেকে অস্তিত্বে আনয়ন করেন। কোন কোন মুফাসসিরের মতে, এখানে বৃষ্টি বোঝানো হয়েছে। কারণ, বৃষ্টির কারণে সেগুলো উৎপন্ন হয়। [ফাতহুল কাদীর] সুতরাং বায়ৣ, পানি, আলো, শীত, গ্রীম্ম, জীব, জড়, উদ্ভিদ তথা প্রত্যেকটি জিনিস, প্রত্যেকটি প্রজাতি, প্রত্যেকটি শ্রেণী ও প্রত্যেকটি শক্তির জন্য একটি সীমা নির্ধারিত রয়েছে। কোন কিছুই তাঁর নির্ধারিত সীমার বাইরে কেউ পেতে পারে না। আল্লাহ অন্য আয়াতে বলেন, "আর যদি আল্লাহ তাঁর বান্দাদের রিষিক প্রশস্ত করে দিতেন তবে তারা যমীনে অবশ্যই বিপর্যেয় সৃষ্টি করত; কিন্তু তিনি তার ইচ্ছেমত পরিমাণেই নাষিল করে থাকেন। নিশ্রয় তিনি তার বান্দাদের সম্পর্কে সম্যুক অবহিত ও সর্বদ্রষ্টা।" [সূরা আশ-শূরা: ২৭]

তাফসীরে জাকারিয়া

(২১) আমারই কাছে আছে প্রত্যেক বস্তুর ভান্ডার[1] এবং আমি তা প্রয়োজনীয় পরিমাণেই সরবরাহ করে থাকি।



[1] কেউ কেউ خزائن (ভান্ডার) থেকে বৃষ্টি অর্থ নিয়েছেন। কারণ বৃষ্টিই শস্য উৎপাদনের মূল উপাদান। কিন্তু এখানে সঠিক অর্থে পৃথিবীর সকল ভান্ডারকে বুঝানো হয়েছে। যে সবকে মহান আল্লাহ নিজ ইচ্ছানুসারে অস্তিত্বহীনতা থেকে অস্তিতত্ত্ব দান করেন।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=1823

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন